



এসএসসি পরীক্ষার্থীদের জন্য দোয়া ও সফলতা কামনা জামায়াত আমিরের



জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

এসএসসি পরীক্ষার্থীদের জন্য দোয়া ও শুভকামনা জানিয়েছেন জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান।

সোমবার (২০ এপ্রিল) বেলা সাড়ে ১১টার দিকে তিনি ফেসবুকে একটি পোস্ট দেন। সেখানে তিনি এসএসসি, দাখিল ও সমমানের পরীক্ষার্থীদের উদ্দেশে লেখেন, জীবনের প্রথম বড় পাবলিক পরীক্ষায় অংশ নেওয়া শিক্ষার্থীদের তিনি সফলতা কামনা করেছেন এবং সবার জন্য দোয়া করেছেন।

পোস্টে তিনি আরও লেখেন, শিক্ষার্থীরা যেন সুস্থভাবে পরীক্ষা দিতে পারে এবং আল্লাহ তাদের সঠিকভাবে প্রস্তুত হওয়ার তাওফিক দেন। ভবিষ্যতের বাংলাদেশ গঠনে তাদের ভূমিকা থাকবে বলেও আশা প্রকাশ করেন তিনি।

এদিকে সারাদেশে মঙ্গলবার (২১ এপ্রিল) থেকে শুরু হচ্ছে এসএসসি ও সমমানের পরীক্ষা। ৩ হাজার ৮৮৫টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে, যা চলবে ২০ মে পর্যন্ত। প্রতিদিন সকাল ১০টায় পরীক্ষা শুরু হবে এবং প্রথম দিন অনুষ্ঠিত হবে বাংলা প্রথম পত্রের পরীক্ষা।

শিক্ষা বোর্ডগুলোর তথ্য অনুযায়ী, এবার ৯টি সাধারণ বোর্ডের অধীনে পরীক্ষার্থী রয়েছে ১৪ লাখ ১৮ হাজারের বেশি। মাদ্রাসা বোর্ডে ৩ লাখের বেশি এবং কারিগরি বোর্ডে প্রায় ১ লাখ ৩৪ হাজার শিক্ষার্থী অংশ নিচ্ছে। গত বছরের তুলনায় মোট পরীক্ষার্থী কিছুটা কমেছে।

পরীক্ষা সংক্রান্ত নির্দেশনায় বলা হয়েছে, পরীক্ষার্থীদের নির্ধারিত সময়ের আগে কেন্দ্রে উপস্থিত থাকতে হবে, উত্তরপত্রে তথ্য সঠিকভাবে পূরণ করতে হবে এবং কোনো ধরনের ভাঁজ করা যাবে না। বহুনির্বাচনি ও সৃজনশীল অংশ আলাদাভাবে পাস করতে হবে। এছাড়া মোবাইল ফোন ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ এবং ব্যবহারিক পরীক্ষা নিজ নিজ কেন্দ্রে অনুষ্ঠিত হবে।